


গঘ ১৫৭৪১৮১

## ইলেকট্রিক মিস্ত্রির সাথে কাজের চুক্তিনামা (~~[illegible]~~ কপি)

| প্রথম পক্ষ (মালিক) | দ্বিতীয় পক্ষ (ইলেকট্রিক মিস্ত্রি) |
|---|---|
| বিটিপি লিঃ | নামঃ মোঃ ইব্রাহিম |
| ঠিকানাঃ বাসা- ১৪৬, লেভেল- ৪, রোড- ০২, ব্লক- এ, সেকশন- ১২, পল্লবী, ঢাকা। | ঠিকানাঃ ইস্টার্ন হাউজিং ,ঘরোয়ার মোর |
| মোবাইল নংঃ০১৯১৩২২২২০৩ | মোবাইল নংঃ০১৭৪৯৫৬২১৯৫ |
| জাতীয় পরিচয়পত্র নংঃ৮২৪০১৪১৪১৯ | জাতীয় পরিচয়পত্র নংঃ৯৫৭৮৮৭১৯৪০ |

কাজের ধরন: ০৭ তলা ভবনের যাবতীয় ইলেকট্রিক্যাল কাজ

- কাজের মজুরি: সম্পুন্ন বিল্ডিং এর ইলেকট্রিক কাজের বিল প্যাকেজ **১,৯২,০০০/-**

ইলেকট্রিক কাজের বিল প্যাকেজ

| ক্রমিক | ফ্লোর | বিল পরিমাণ |
|---|---|---|
| ০১ | গ্রউন্ড ফ্লোর | ২৭৪২৮/- |
| ০২ | ১ম ফ্লোর | ২৭৪২৯/- |
| ০৩ | ২য় ফ্লোর | ২৭৪২৮/- |
| ০৪ | ৩য় ফ্লোর | ২৭৪২৯/- |
| ০৫ | ৪র্থ ফ্লোর | ২৭৪২৮/- |
| ০৬ | ৫ম ফ্লোর | ২৭৪২৯/- |
| ০৭ | ৬ষ্ট ফ্লোর | ২৭৪৩০/- |

**মোট= ১,৯২,০০০/-**

- **বিল প্রদান বিবরনঃ**

| ক্রমিক নং | কাজের বিবরণ | শতকরা হার | **প্রস্তাবিত মূল্য** |
|---|---|---|---|
| ০১ | ছাদের পাইপ ফেলানো | ২৭৪২৮/- এর ২০% | **৫,৪৮৫/-** |
| ০২ | গ্রুপ কাটিং ও বক্স ফিটিং | ২৭৪২৮/- এর ৩০% | **৮,২২৯/-** |
| ০৩ | ক্যাবল / তার টানানো | ২৭৪২৮/- এর ২০% | **৫,৪৮৬/-** |
| ০৪ | সুইচ ফিটিং ও ফ্লোর ফিনিশিং | ২৭৪২৮/- এর ২৫% | **৬,৮৫৭/-** |
| ০৫ | জামানত | ২৭৪২৮/- এর ০৫% | **১,৩৭০/-** |

১০০% মোট= **২৭,৪২৮/-**

- ***বিঃদ্রঃ জামানত এর ৫% মূল্য সম্পূর্ণ কাজ বুঝিয়ে দেওয়ার ৩ মাস পর প্রদান করা হবে।***

চলমান পাতা- ০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গঘ ১৫৭৪১৭২



## শর্তাবলী

**প্রথম পক্ষ (মালিক):**

- ইলেকট্রিক তার, সুইচ, বোর্ড, সার্কিট ব্রেকার, টেপ, পিন, আঠা সহ যাবতীয় ইলেকট্রিক সামগ্রী মালিক পক্ষ সরবরাহ করবেন।
- শ্রমিকদের যদি কাজের সাইটে থাকার প্রয়োজন হয় সেক্ষেত্রে শ্রমিকদের বাথরুমসহ থাকার ব্যবস্থা করবেন।
- ১৮ বছরে নিচে কিংবা অসুস্থ কোন ব্যক্তিকে দিয়ে কাজ করানো যাবেনা।
- ইলেকট্রিক মিস্ত্রির কারণে যদি কোন কাজে ভুল হয়, সেই কাজটি নিজ খরচে ২য় পক্ষকে করে দিতে হবে।
- ১ম পক্ষ কর্তৃক সরবরাহকৃত কোন মালামালের অপচয় করা যাবেনা। অপচয় করলে বা অপচয় প্রমাণিত হলে ২য় পক্ষ তার ক্ষতিপূরণ প্রদান করবেন।
- ইলেকট্রিক মিস্ত্রির কাজের গুনগতমাণ সন্তোষজনক নাহলে কিংবা সুনিষ্টি কারণ সাপেক্ষে যেকোন সময়ে ১ম পক্ষ অএই চুক্তি বাতিলের অধিকার সংরক্ষণ করেন। এক্ষেত্রে ২য় পক্ষের কোন ওজর আপত্তি থাকবেনা। তবে এমন পরিস্থিতির উদ্ভব হলে ১ম পক্ষ ২য় পক্ষকে কাজের ভুল শধরানোর সুযোগ দিবেন অথবা আলোচনার মাধ্যমে সমাধান করবেন।
- কাজ চলাকালীন সময়ে কোন কারণে ২য় পক্ষ চুক্তি বাতিল করতে চাইলে ১ম পক্ষকে জানাতে হবে। উভয় পক্ষ আলোচনার মাধ্যমে চুক্তি ভঙ্গের অপরাধ হিসাবে গণ্য হবে।
- ১ম পক্ষের দেয়া ডিজাইনের কোন অংশ না বুঝলে ২য় পক্ষ ১ম পক্ষকে জানাবেন। ১ম পক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা এবং নির্দেশনা দিবেন।
- মিস্ত্রিকে ডিজাইন বুঝে কার করার পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ২য় পক্ষ নিজ ইচ্ছায় কোন াবস্থাতেই ডিজাইন পরিবর্তন করতে পারবেন না।
- ইলেকট্রিক মিস্ত্রির অধীনে সকল শ্রমিকের পাওনাদি ২য় পক্ষকে প্রদান করতে হবে। যদি কোন শ্রমিকের মজুরি পাওনা থাকে তার জন্য ১ম পক্ষ দায়ী থাকবেনা
- ২য় পক্ষ কাজের শুরুতে ইলেকট্রিক কাজের জায়গাগুলো পরিষ্কার করে নিবেন।
- কাজের সময় সঠিক টুলস ব্যবহার করবেন।
- করা, বীম ও ছাদের কোনপ্রকার ক্ষতি করা যাবেনা।

চলমান পাতা-০৩

- দেয়াল কাটার কাজের মালামাল বা টুলস ২য় পক্ষ সরবরাহ করবেন।
- সঠিক নিয়মে লাইন টাকা, সংযোগ দেয়ার দায়িত্ব ২য় পক্ষের।
- ২য় পক্ষ নিজ ইচ্ছায় ডিজাইনের বাইরে কোন কাজ করলে সেই কাজের জন্য কোন মজুরি ২য় পক্ষ পাবেন না এবং ডিজাইনের বাইরের কাজ ব্রবহার হয়েছে এমন প্রতিটি মালামাল ২য় পক্ষকে প্রদান করে অথবা সমপরিমাণ মালামাল / মালামালের মূল্য পরিশোধ করে কাজ চলমান রাখতে হবে।
- ১ম পক্ষের সাথে আলোচনা করে কিংবা পরামর্শ নিদে তাদের মতামতকে গুরুত্ব দিয়ে ২য় পক্ষ কাজ করতে বাধ্য থাকবেন। ডিজাইনের বাইরের যেকোন অতিরিক্ত কাজ ১ম পক্ষ করাতে চাইলে এই চুক্তিনামায় উল্লেখিত কাজের দর প্রতি স্কয়ার ফুট ) আলোচনার সাপেক্ষে( টাকা হারে প্রদান করবেন।
- ইলেকট্রিক মিস্ত্রি ও লেবার তাদের নিজেদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় এপ্রোন, গ্লোভস সহ অন্যান্য নিরাপত্তার সরঞ্জামাদি পরিধান করবেন।
- বৈদ্যুতিক বা অন্যান্য কোন কারনে দুর্ঘটনার জন্য ১ম পক্ষ দায়ী থাকবেনা।
- সম্পূর্ণ কাজ শেষ  হবার পর প্রতিটি পয়েন্টে বৈদ্যুতিক সংযোগ চালু করে ২য় পক্ষ ১ম পক্ষকে বুঝিয়ে নিবেন।

**দ্বিতীয় পক্ষ (ইলেকট্রিক মিস্ত্রি):**

- ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার প্রদত্ত যাবতীয় ডিজাইন, ডিজাইন অনুযায়ী মালামাল ১ম পক্ষ সরবরাহ করবেন। ভুলভাল লোডযুক্ত, ইঞ্জিনিয়ারের ডিজাইনের বাইরের কাজ কিংবা নিম্নমানের মালামাল সরবরাহের জন্য ১ম দায়ী থাকবেন।
- ২য় পক্ষ কাটার মেশিন, দেয়াল ছিদ্র করার যন্ত্রপাতি এবং ইলেকট্রিক্যাল কাজ করার যাবতীয় টুলস নিজ দায়িত্বে এনে কাজ করবেন।
- বাহিরের অংশের বাঁশ ও মাচান ২য় পক্ষ/মিস্ত্রি বহন করবেন।
- কাজ চলাকালীন সময়ে ১ম পক্ষ যদি ফ্যান, লাইন, মোটর, কলিং বেল ইত্যাদি সংযোগ দিতে চান তাহলে সংযোগ করিয়ে নিতে পারবেন। কিন্তু কাজ শেষ হবার পর ১ম পক্ষ এগুলো সংযোগ করে নিতে চাইলে তার জন্য অতিরিক্ত মজুরি প্রদান করতে হবে।
- মিস্ত্রির নিজে কাজ করতে হবে। পাশাপাশি অন্য মিস্ত্রিকেও কাজে নিয়োজিত করতে পারবেন।

চলমান পাতা-০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গঘ ১৫৭৪১৭৩



- কাজের সাথে যুক্ত কোন মিস্ত্রি/শ্রমিমক/ব্যক্তি কোনপ্রকার অসামাজিক কাজে জড়িত হলে তার দায়দায়িত্ব ১ম পক্ষ বহন করবেন না।
- প্রয়োজনীয় মালামাল যথাসময়ে সরবরাহের পরও কাজ বন্ধ থাকলে তার জন্য ২য় পক্ষ দায়ী থাকবে। তবে বিরূপ আবহওয়া, দেমের অস্বাভাবিক অবস্থা বিরাজের কারনে যদি কাজ করার পরিবেশ না থাকে তাহলে ২য় পক্ষ দায়ী থাকবেনা।
- সীমানা জটিলতা, বাড়ির অনুমোদন, ডিজাইন পরিবর্তন কিংবা ১ম পক্ষের সৃষ্ট কোন কারনে কাজ বন্ধ থাকলে উভয় পক্ষ আলোচনার মাধ্যমে তার সমাধান করবেন। কাজ এগিয়ে যাওয়া সম্ভব না হলে ১ম পক্ষ সেই দিন পর্যন্ত কাজ মেপে সমুদয় বকেয়া বিল (যদি থাকে) ৩০ দিনের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকবেন।

উল্লেখিত চুক্তিনামা আমরা উভয় পক্ষ স্বাক্ষীগণের সম্মুখে নিজে পরে, বুঝে এবং অন্যের বিনা প্ররোচনায় সহি স্বাক্ষর প্রদান করিলাম।

**স্বাক্ষীগণের স্বাক্ষরঃ**

১। মোঃ মহাসিন ইসলাম
০১৭৭৩৫-৫৭২৬৪

২। মোঃ হানজালা

৩। মোঃ জাহিদ
01677552837

[illegible]
প্রথম পক্ষের স্বাক্ষর

মোঃ ইব্রাহিম
দ্বিতীয় পক্ষের স্বাক্ষর

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"